গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তত্ত্বাবধায়ক প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত এমআইএস সার্কেল
পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
ফোনঃ ০২-৯৫৮৫৮৯৯

স্মারক নং-২৫.৩৬.০০০০.৬২০.১৮.০০১.১৮/৭৩৬ তারিখঃ- ০৩/০৭/২০১৯খ্রিঃ।

বরাবর,

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সংস্থাপন)
গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন,
সেগুনবাগিচা, ঢাকা।

বিষয়ঃ অনলাইন সেবা প্রদান সংক্রান্ত তথ্যাদি প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ের এর স্মারক নং-২৫.০০.০০০০.০১৩.৯৯.০০৪.১১-৬৬২, তারিখঃ ০১/০৭/২০১৯ খ্রিঃ।

সম্মানের সাথে উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের চাহিদার প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গণপূর্ত অধিদপ্তরের অনলাইন সেবা/তথ্যাদি পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য এতদসংঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

(আশ্রাফুল হক)
তত্ত্বাধায়ক প্রকৌশলী(ই/এম)
গণপূর্ত এমআইএস সার্কেল
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
Email: se_mis@pwd.gov.bd

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সওস), গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
২। অফিস কপি।

ক্রম.	অনলাইন প্রদানকৃত সেবার নাম	অনলাইনে সেবা প্রদানের ফলে সেবা গ্রহিতারা কি সুবিধা পাচ্ছে	পূর্বের তুলনায় কত সময় সাশ্রয় হচ্ছে
০২.	অনলাইন প্রজেক্ট মনিটরিং সিস্টেম	গণপূর্ত অধিদপ্তর কর্তৃক বিভিন্ন সরকারি দপ্তর ও আবাসিক ভবনসমূহের নির্মাণ প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত অগ্রগতি প্রতিবেদন বেশ কয়েকটি অফিস পরিক্রমন শেষে প্রধান কার্যালয়ে পৌছাতে দীর্ঘ সময় প্রয়োজন হয় এবং প্রায়শই সময়মত প্রতিবেদন পাওয়া যায় না। এতে প্রচুর কর্ম ঘন্টা ব্যয় হয় ও প্রকল্পের বাস্তব অগ্রগতির সঠিক চিত্র পাওয়া যায় না। এ সমস্যার সমাধানে "অনলাইন প্রজেক্ট মনিটরিং সিস্টেম" Software প্রস্তুত করা হয়। এর মাধ্যমে মাঠ পর্যায় থেকে সরাসরি প্রকল্পের সচিত্র অগ্রগতি প্রতিবেদন অনলাইনে সফট ওয়ারের মাধ্যমে উর্ধ্বতন অফিস, প্রধান কার্যালয়ের মনিটরিং উইং এবং প্রত্যাশী সংস্থাকে যেকোন সময়ে অবহিত করা সম্ভব। এতে প্রকল্পের বিভিন্ন সমস্যা সময়মত চিহ্নিতকরণ ও সে অনুযায়ী যথাসময়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা যায়। যার ফলে প্রকল্প বাস্তবায়ন কর্মপ্রক্রিয়ার উন্নয়ন ও গতিশীলতা বৃদ্ধি পেয়েছে।	১১-২১ দিন
০৩.	পিডব্লিউডি অনলাইন বিল্ডিং ডাটাবেইজ এন্ড ইনফরমেশন সিস্টেম	গণপূর্ত অধিদপ্তরের ভবনসমূহের বিস্তারিত তথ্য ম্যানুয়েল পদ্ধতিতে সংরক্ষণ দুরূহ কাজ এবং খুঁজে পাওয়া অত্যন্ত সময় সাপেক্ষ ব্যাপার। বিষয়টিকে সহজ করতে সরকারি ভবনসমূহের ওয়েবভিত্তিক "Online Building Database" সিস্টেম তৈরী করা হয়। এর মাধ্যমে বিল্ডিং সমূহের প্লিন্থ এরিয়া, ছবি, নির্মাণকাল, অবস্থান, নিয়ন্ত্রণকারী দপ্তর ইত্যাদি অনলাইনে যেকোন সময়, যেকোন স্থান হতে স্বল্পতম সময়ে পাওয়া যায়।	০৭-১০ দিন
০৪.	পিডব্লিউডি অনলাইন Land Data Base সিস্টেম	গণপূর্ত অধিদপ্তর কর্তৃক অধিগ্রহনকৃত জমির তথ্য / অবৈধ দখলাধীন জমির তথ্য যেকোন সময়, যেকোন স্থান হতে স্বল্পতম সময়ে পাওয়ার লক্ষ্যে অনলাইন ভিত্তিক অধিগ্রহনকৃত / অবৈধ দখলাধীন জমির তথ্য সম্পর্কিত Land Data Base সিস্টেম তৈরী করা হয়েছে। এতে গণপূর্ত অধিদপ্তরের ওয়েবসাইটে Land Data Base মেন্যু তে গিয়ে যে কোন গণপূর্ত কার্যালয় সিলেক্ট করে রিপোর্ট জেনারেশনের মাধ্যমে উক্ত কার্যালয় সংশ্লিষ্ট জমির তথ্য পাওয়া যাবে।	০৫-০৭ দিন
০৫.	Human Resource Information System (HRIS) সিস্টেম এবং Database for Employee	গণপূর্ত অধিদপ্তরে অনলাইন ভিত্তিক Human Resource Information System (HRIS) সিস্টেম এবং Database for Employee চালু রয়েছে। কর্মকর্তাদের নাম, পদবী, কর্মস্থল, সংখ্যা, বেতন স্কেল, গ্রেড, গ্রেডেশন নম্বর ইত্যাদি তথ্য ম্যানুয়েল পদ্ধতিতে খুঁজে পাওয়া সময় সাপেক্ষ। বর্তমানে বিষয়টিকে অনলাইন ওয়েবভিত্তিক করায় যেকোন সময়, যেকোন স্থান থেকে অধিদপ্তরের কর্মকর্তাদের নাম, পদবী, কর্মস্থল, সংখ্যা, বেতন স্কেল, গ্রেড, গ্রেডেশন নম্বর ইত্যাদি তথ্য পাওয়া যাচ্ছে।	০২-০৫ দিন

০৬.	গণপূর্ত অধিদপ্তরের ওয়েবসাইটের মাধ্যমে প্রদত্ত সেবা	• গণপূর্ত অধিদপ্তরের ওয়েবসাইট জাতীয় তথ্য বাতায়ন ফ্রেমওয়ার্কে অন্তর্ভুক্ত করা হয়েছে এবং নিয়মিত হালনাগাদ করা হচ্ছে। • গণপূর্ত অধিদপ্তরের ওয়েবসাইটে অফিস ভিত্তিক বরাদ্দপত্র প্রাপ্তির বিষয়টি অন্তর্ভুক্ত করা হয়েছে। • অফিস আদেশ সমূহ, অর্থ বরাদ্দপত্র, NOC, GO, পদোন্নতি ও বদলি আদেশ, Annual Procurement Plan, Annual Performance Agreement (APA), National Integrity Strategy, অডিট রিপোর্ট, বার্ষিক প্রতিবেদন, সিটিজেন চার্টার, ফরম এবং অন্যান্য তথ্যাদি নিয়মিত ওয়েবসাইটে আপলোড করা হচ্ছে। • গণপূর্ত অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত প্রকল্প সমূহের তালিকা ওয়েবসাইটে সংযোজন করা হয়েছে। • গণপূর্ত অধিদপ্তর কর্তৃক আহবানকৃত সকল দরপত্র অধিদপ্তরের ওয়েবসাইটে অফিস ভিত্তিক খুঁজে পাওয়ার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। • গণপূর্ত অধিদপ্তরের ওয়েবসাইটে অনলাইনভিত্তিক অফিসার ই-মেইল ও টেলিফোন ডিরেক্টরি সংযোজন করা হয়েছে। • গণপূর্ত অধিদপ্তরের ওয়েবসাইটে অনলাইনভিত্তিক ই-লাইব্রেরী চালু রয়েছে। • গণপূর্ত অধিদপ্তরের ঠিকাদার/ সরবরাহকারী নিবন্ধন ও নবায়ন কম্পিউটারে ডিজিটাল ফরম্যাটে সংরক্ষণ করন ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। • অনলাইনে ইনোভেটিভ আইডিয়া জমা প্রদান ব্যবস্থা চালু রয়েছে।	তাৎক্ষনিক সেবা প্রাপ্তি নিশ্চিত হয়েছে।

(তাসফিন মুহাইমীন হক)
নির্বাহী প্রকৌশলী (ই/এম)
গণপূর্ত ই/এম এমআইএস বিভাগ-১
পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

হুমায়রা বিনতে রেজা
নির্বাহী প্রকৌশলী (ই/এম)
গণপূর্ত ই/এম এমআইএস বিভাগ-২
পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।